

সুনান ইবনু মাজাহ

হাদিস নম্বরঃ ১২৬৯

৫/ সালাত কাযিম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/১৫৪. ইসতিসকার সালাতের দু'আ।

بَاب مَا جَاءَ فِي الدُّعَاءِ فِي الْإِسْتِسْقَاءِ

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنْ الْأَعْمَشِ، عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ، عَنْ سَالِمِ بْنِ أَبِي الْجَعْدِ، عَنْ شُرَحْبِيلِ بْنِ السِّمِّطِ، أَنَّهُ قَالَ لِكَعْبٍ يَا كَعْبُ بْنُ مُرَّةَ حَدَّثَنَا عَنْ رَسُولِ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - وَاحْذَرُ . قَالَ جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - فَقَالَ يَا رَسُولَ اللَّهِ اسْتَسْقِ اللَّهَ فَرَفَعَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - يَدَيْهِ فَقَالَ " اللَّهُمَّ اسْقِنَا غَيْثًا مَرِيئًا مَرِيئًا طَبَقًا عَاجِلًا غَيْرَ رَائِثٍ نَافِعًا غَيْرَ ضَارٍّ " . قَالَ فَمَا جَمَعُوا حَتَّى أُجِيبُوا . قَالَ فَأَتَوْهُ فَشَكَّوْا إِلَيْهِ الْمَطَرَ فَقَالُوا يَا رَسُولَ اللَّهِ تَهْدِمَتِ الْبُيُوتُ . فَقَالَ " اللَّهُمَّ حَوَالَيْنَا وَلَا عَلَيْنَا " . قَالَ فَجَعَلَ السَّحَابُ يَنْقَطِعُ يَمِينًا وَشِمَالًا .

বাংলা

১/১২৬৯। শুরাহবীল ইবনুস সিমত (রহ) থেকে বর্ণিত। তিনি কাব (রাঃ) কে বলেন, হে কাব ইবনু মুররা! আমাদের নিকট রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হাদীস বর্ণনা করুন এবং সতর্কতা অবলম্বন করুন। তিনি বলেন, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বললো, হে আল্লাহর রাসূল! আল্লাহর নিকট বৃষ্টির জন্য প্রার্থনা করুন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর দুহাত তুলে দু'আ করেনঃ আল্লাহুম্মা আসকিনা গাইছান মারীআন মারীআন তবাকান আজিলান গাইরা রাইছিন নাফিআন গাইরা দাররিন (হে আল্লাহ! আমাদেরকে এমন বৃষ্টির পানি দান করুন যা সুপেয়, ফসল উৎপাদক, পর্যাণ্ড, বিলম্ব নয়, অবলম্বনে, উপকারী এবং ক্ষতিকর নয়)।

কাব (রাঃ) বলেন, জুমুআহর সালাত (নামায/নামাজ) শেষ না হতেই বৃষ্টি হয়ে গেলো। পরে লোকেরা তাঁর নিকট এসে অতিবৃষ্টির অভিযোগ করলো এবং বললো, হে আল্লাহর রাসূল! বাড়িঘর ধ্বসে যাচ্ছে। তিনি বলেনঃ হে আল্লাহ! আমাদের উপর নয়, আমাদের আশেপাশে বর্ষিত হোক। রাবী বলেন, তৎক্ষণাৎ মেঘমালা টুকরা টুকরা হয়ে ডানে-বামে সরে গেলো।

English

It was narrated from Shurahbil bin Simt that he said to Ka'b:
 "O Ka'b bin Murrah, narrate to us a Hadith from the Messenger of Allah (ﷺ), but be careful." He said: "A man came to the Prophet (ﷺ) and said: 'O Messenger of Allah, ask Allah for rain!' So the Messenger of Allah (ﷺ) raised his hands and said: 'O Allah! Send wholesome, productive rain upon all of us, sooner rather than later, beneficial and not harmful.' No sooner had they finished performing Friday (prayer) but they were revived. Then they came to him and complained to him about the rain, saying: 'O Allah, around us and not upon us.' Then the clouds began to disperse right and left."

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: আহমাদ ২৭৬৮৯

তাহকীক আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: ইরওয়াহ ১৪৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ শুরাহবীল ইবন সিমত (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=14289>

📖 হাদিসবিভির প্রজেক্টে অনুদান দিন